

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২২৫৬

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ নেক লোক, দুর্বল ও গরীব মানুষদেরকে কষ্ট দেওয়া থেকে ভীতিপ্রদর্শন

আরবী

" إِنَّ اللهَ قَالَ: مَنْ عَادَى لِيْ وَلِيًّا فَقَدْ آذَنْتُهُ بِالحَرْبِ

বাংলা

আল্লাহ তাআলা বলেন,

وَالَّذِيْنَ يُؤْذُوْنَ الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنَاتِ بِغَيْرِ مَا اكْتَسَبُوا فَقَدِ احْتَمَلُوا بُهْتَاناً وَإِثْماً مُبِينًا

অর্থাৎ, যারা বিনা অপরাধে বিশ্বাসী পুরুষ ও নারীদেরকে কষ্ট দেয়, তারা অবশ্যই মিথ্যা অপবাদ এবং স্পষ্ট অপরাধের বোঝা বহন করে। (সূরা আহ্যাব ৫৮) তিনি আরো বলেন,

فَأَمَّا الْيَتِيْمَ فَلَا تَقْهَرْ وَأَمَّا السَّائِلَ فَلَا تَنْهَرْ

অর্থাৎ, অতএব তুমি পিতৃহীনের প্রতি কঠোর হয়ো না। এবং ভিক্ষুককে ধমক দিও না। (সূরা যুহা ৯-১০)

(২২৫৬) নিশ্চয় আল্লাহ তাআলা বলেন, যে ব্যক্তি আমার কোন বন্ধুর সাথে শক্রতা করবে, তার বিরুদ্ধে আমার যুদ্ধের ঘোষণা রইল। (বুখারী ৬৫০২)

ফুটনোট

[যেমন সেই হাদীসটিও এই পরিচ্ছেদের সাথে সম্পর্ক রাখে; যাতে বলা হয়েছে, সম্ভবতঃ তুমি তাদেরকে (অর্থাৎ সালমান, সুহাইব ও বিলালকে) অসম্ভষ্ট করেছ। তুমি যদি তাদেরকে অসম্ভষ্ট করেছ, তাহলে তুমি তোমার প্রতিপালককে অসম্ভষ্ট করেছ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইবেরী



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=66004}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন